অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/6/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন যে সাউথ ফর্ক উইন্ড লং আইল্যান্ডে প্রথম অফশোর বায়ু বিদ্যুৎ সরবরাহ করেছে

সাউথ ফর্ক উইন্ড মার্কিন যুক্তরাষ্ট্রে "পাওয়ারিং আপ" শুরু করা ফেডারেল জলসীমানায় অবস্থিত প্রথম ইউটিলিটি মাত্রার অফশোর বায়ু ফার্ম

দুইটি টার্বাইন ইতিমধ্যে স্থাপন করা হয়েছে; 2024 সালের শুরুর দিকে 12টি টার্বাইনের সবগুলি স্থাপন করার আশা করা যাচ্ছে

2035 সালের মধ্যে নয় গিগাওয়াট অফশোর বায়ু স্থাপনার জন্য স্টেটের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের লক্ষ্যকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে সাউথ ফর্ক উইন্ডের (South Fork Wind) প্রথম কার্যকর বায়ু টার্বাইন থেকে লং আইল্যান্ডে সফলভাবে পরিচ্ছন্ন বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে, এটি মার্কিন যুক্তরাষ্ট্রে "পাওয়ারিং আপ" শুরু করা ফেডারেল জলসীমানায় অবস্থিত প্রথম ইউটিলিটি মাত্রার অফশোর বায়ু ফার্মের জন্য একটি ঐতিহাসিক মাইলফলক প্রকল্পটি দুইটি টার্বাইন স্থাপনের কাজ শেষ করেছে, যার মধ্যে মন্টাক থেকে আনুমানিক 35 মাইল দূরের একটি সক্রিয় হয়েছে এবং 2024 সালের শুরুর দিকে 12টি টার্বাইনের সবগুলি স্থাপন করার আশা করা যাচ্ছে। আজকের ঘোষণাটি 2035 সালের মধ্যে নয় গিগাওয়াট অফশোর বায়ু স্থাপনের জন্য স্টেটের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act, CLCPA) লক্ষ্যকে অগ্রসর করা সমর্থন করে।

"নির্ভরযোগ্য, নবায়নযোগ্য শক্তি উৎপাদন করতে নিউ ইয়র্কের দেশ সেরা প্রয়াস একটি মুখ্য মাইলফলকে পৌঁছেছে," **গভর্নর হোকল বলেন।** "সাউথ ফর্ক উইন্ড হাজার হাজার বাসায় বিদ্যুৎ সরবরাহ করবে, ভালো বেতনের ইউনিয়ন চাকরি তৈরি করবে এবং সকলকে প্রদর্শন করবে যে অফশোর বায়ু একটি কার্যকর সংস্থান যা আগামী বহু প্রজন্মের জন্য নিউ ইয়র্ক ব্যবহার করতে পারবে।"

নিউ ইয়র্কের প্রথম অফশোর বায়ু টার্বাইন স্থাপনের মাত্র দুই সপ্তাহ পর অর্জিত এই মাইলফলকটিকে যৌথ উদ্যোগের অংশীদার ওরস্টেড এবং এভারসোর্স, স্টেট, কাউন্টি এবং স্থানীয় কর্মকর্তা, অ্যাডভোকেট এবং সম্প্রদায়ের সদস্যদের সাথে নিয়ে ইস্ট হ্যাম্পটনে উদযাপন করা হয়েছে। কাজ সম্পূর্ণ হলে, সাউথ ফর্ক উইন্ড আনুমানিক 130 মেগাওয়াট

নবায়নযোগ্য শক্তি উৎপাদন করবে, যা 70,000 লং আইল্যান্ড বাসার বিদ্যুৎ সরবরাহের জন্য যথেষ্ট। সাউথ ফর্ক উইন্ডের নবায়নযোগ্য শক্তি প্রতি বছর ছয় মিলিয়ন টন পর্যন্ত কার্বন নিঃসরণ নির্মূল করবে যা রাস্তা থেকে 60,000 গাড়ি তুলে নেওয়ার সমতুল।

লং আইল্যান্ড বিদ্যুৎ কর্তৃপক্ষের (Long Island Power Authority, LIPA) প্রধান নির্বাহী কর্মকর্তা টমাস ফ্যালকোন বলেন, "নিউ ইয়র্কে একটি টেকসই ও স্থিতিস্থাপক শক্তি ভবিষ্যতের জন্য গভর্নর হোকলের ভিশন বাস্তবায়ন করার ক্ষেত্রে আজকে একটি উল্লেখজনক অগ্রগামী ধাপ গ্রহণ করা হয়েছে। প্রায় আট বছর ধরে কাজ হওয়ার পর, এই প্রথম অফশোর বায়ু টার্বাইনটি এমন শক্তি উৎপাদন করছে যা সেই ভিশনকে বাস্তবে পরিণত করছে। লং আইল্যান্ড এবং রকাওয়েজে আমাদের 1.2 মিলিয়ন গ্রাহকদের পক্ষে এই ল্যান্ডমার্ক প্রকল্পকে সমর্থন করতে পেরে LIPA গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "এই মুহূর্তটি হলো আমাদের শক্তির স্থানান্তরের দিকে যাওয়ার জন্য বহু বছরের কঠোর পরিশ্রম, ভিশন, এবং সাহসের প্রতিনিধি। লং আইল্যান্ডের বাসিন্দারা এখন সাউথ ফর্ক উইন্ডের পরিচ্ছন্ন, নবায়নযোগ্য বিদ্যুৎ দ্বারা নিজেদের বাসা ও ব্যবসা বিদ্যুতায়নের সুবিধা প্রত্যক্ষভাবে পাচ্ছে, এবং আজকের প্রথম বিদ্যুৎ উদযাপন করার জন্য ওরস্টেড (Orsted), এভারসোর্স (Eversource), LIPA এর দলকে, স্থানীয় নেতৃবৃন্দকে এবং দুর্দান্ত এই প্রকল্প নির্মাণকারী কর্মীদেরকে আমরা অভিনন্দন জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট জনসেবা কমিশনের (Public Service Commission) প্রধান রোরি এম. ক্রিস্টিয়ান বলেন, "লং আইল্যান্ডে আজকের পরিচ্ছন্ন, নবায়নযোগ্য বিদ্যুৎ সরবরাহ হলো নিউ ইয়র্ক স্টেটে একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতি তৈরি করার জন্য একটি মুখ্য মাইলফলক। এটি হলো ইতিবাচক প্রমাণ যে একটি পরিচ্ছন্নতর শক্তি গ্রিড তৈরি করার আমাদের দীর্ঘমেয়াদি লক্ষ্যকে আমরা অর্জন করতে পারবো এবং এখন পর্যন্ত গভর্নর হোকল যেই প্রয়াস দিয়েছেন তার প্রমাণস্বরূপ।"

স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "সাউথ ফর্ক উইন্ড হলো গভর্নরের পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অর্জনের জন্য একটি মুখ্য অগ্রগামী ধাপ। পুরো দেশের নজর এখন নিউ ইয়র্কের উপর যেহেতু আমরা আরেকবার অফশোর বায়ু খাতে শীর্ষস্থান গ্রহণ করেছি এবং নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহের জন্য আরো টেকসই ভবিষ্যতের দিকে এগিয়ে যাওয়ার পথ প্রদর্শন করা অব্যাহত রেখেছি। হাজার হাজার লং আইল্যান্ড অধিবাসী এখন বলতে পারবে যে তারা উল্লেখজনকভাবে নিজেদের কার্বন পদচিহ্ন হ্রাস করছে। এই প্রকল্পটি হলো সরকারের সকল পর্যায় ও শিল্পখাতের অধ্যবসায় ও সমন্বয়ের প্রমাণস্বরূপ। এই প্রকল্পের সাইটিং প্রভাব হ্রাস করে গুরুত্বপূর্ণ এই নির্মাণকাজের জন্য একটি দায়িত্বশীল পথ তৈরি করার ক্ষেত্রে ডিপার্টমেন্ট অফ স্টেট একটি মুখ্য ভূমিকা পালন করেছে।"

নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "গভর্নর হোকলের সমর্থন এবং LIPA ও NYSERDA তে DEC এর অংশীদারদের প্রয়াসের ফলে নিউ ইয়র্ক স্টেট জলবায়ু

পরিবর্তনকারী গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার এই অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করতে পারছে এবং একই সাথে চাকরি তৈরি করছে ও স্থানীয় অর্থনীতিকে বলীয়ান করছে। লং আইল্যান্ডের সাউথ ফর্কে বায়ু ক্ষমতায়িত বিদ্যুৎ সফলভাবে সরবরাহ করা হলো পরিচ্ছন্নতর শক্তির উৎস দ্বারা ক্ষমতায়িত একটি সবুজ ভবিষ্যতের দিকে নিউ ইয়র্কবাসীকে নিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য মাইলফলক।"

ওরস্টেড গ্রুপের নির্বাহী ভাইস প্রেসিডেন্ট এবং আমেরিকাসের (Americas) প্রধান নির্বাহী কর্মকর্তা ডেভিড হার্ডি বলেন, "একটি অফশোর বায়ু ফার্ম থেকে পরিচ্ছন্ন শক্তি পাওয়া নিউ ইয়র্কের প্রথম সম্প্রদায় হিসেবে ইস্ট হ্যাম্পটন এখন ইতিহাস রচনা করেছে। সাউথ ফর্ক উইন্ড শুধু স্টেটের জন্য একটি প্রবর্তক প্রকল্প নয়, এটি আমেরিকার অফশোর বায়ু শক্তি শিল্পখাতের একটি ভিত্তি এবং আমাদের দলের প্রতিশ্রুতি, দক্ষতা এবং পরিশ্রমের প্রমাণস্বরূপ। বাইডেন এবং হোকল প্রশাসনের নেতৃত্ব এবং আমাদের স্টেট ও স্থানীয় অংশীদার ও সমর্থকদের কারণে, সাউথ ফর্ক উইন্ড এখন বিদ্যুৎ উৎপাদন করছে এবং বিকাশমান আমেরিকান শিল্পখাতের জন্য মঞ্চ প্রস্তুত করছে।"

এভারসোর্স এনার্জির সভাপতি , প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জো নোলান বলেন, "সাউথ ফর্ক উইন্ড হলো নিউ ইয়র্কবাসীদের দ্বারা তৈরি, নিউ ইয়র্কবাসীদের জন্য একটি প্রকল্প। বিশেষ করে সাউথ ফর্ক উইন্ডের ট্রান্সমিশন সিস্টেম এবং অনশোর সাবস্টেশন গঠনে সাহায্য করা স্থানীয় ইউনিয়ন কর্মী ও ঠিকাদারদের পরিশ্রমের কারণে ইস্ট হ্যাম্পটনের স্থানীয় গ্রিডে এখন পরিচ্ছন্ন, নবায়নযোগ্য অফশোর বায়ু শক্তি প্রবাহিত হচ্ছে। নিউ ইয়র্কের অফশোর বায়ু শিল্পখাতের জন্য এটি অনেক প্রথম অর্জনের একটি বছর, এবং যুগান্তকারী এই প্রকল্প এবং মার্কিন যুক্তরাষ্ট্রের অফশোর বায়ু খাতের বিকাশের জন্য সামনের সপ্তাহগুলিতে আরো অনেক কিছু অর্জিত হবে।"

2017 সালে প্রথম LIPA ট্রাস্টি বোর্ড কর্তৃক প্রথম অনুমোদিত হওয়ার পর, সাউথ ফর্ক উইন্ডের নির্মাণকাজ শুরু হয় 2022 সালের ফেব্রুয়ারি মাসে, এটি অনশোর রপ্তানি কেবল ব্যবস্থা দ্বারা শুরু হয় যা প্রকল্পটিকে LIPA শক্তি গ্রিডের সাথে সংযুক্ত করে, যার কাজ এই বছরের শুরুর দিকে শেষ হয়। 2023 সালের জুন মাসে প্রকল্পের প্রথম মনোপাইল ফাউন্ডেশন স্থাপন করার মাধ্যমে বায়ু ফার্মটি এর "পানিতে স্টিল" মাইলফলকে পৌঁছে যায়। ভ্যান অর্ডের অফশোর ইনস্টলেশন জাহাজ, অ্যায়োলাস (Aeolus) টার্বাইনসমূহ স্থাপন করছে।

সাউথ ফর্ক উইন্ডে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্রে গঠিত প্রথম অফশোর বায়ু সাবস্টেশন। তিনটি স্টেটজুড়ে 350 এর বেশি মার্কিন যুক্তরাষ্ট্রের কর্মীরা এই অফশোর সাবস্টেশনের নির্মাণকাজকে সমর্থন করেছে, এটি একটি টপসাইড কাঠামো যা বায়ু টার্বাইনে উৎপাদিত বিদ্যুৎ সংগ্রহ করে এবং গ্রিডের সাথে তা যুক্ত করে। নিউ ইয়র্ক ইউনিয়নের কর্মীরা অফশোরে এর ইনস্টলেশনকে সহায়তা করেছিল।

লং আইল্যান্ডভিত্তিক ঠিকাদার হগল্যান্ড এনার্জি গ্রুপ এলএলসি (Haugland Energy Group LLC) (হগল্যান্ড গ্রুপ এলএলসি (Haugland Group LLC) এর একটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান) সাউথ ফর্ক উইন্ডের অনশোর ট্রান্সমিশন লাইনের জন্য ভূগর্ভস্থ ডাক্ট ব্যাংক সিস্টেম স্থাপন করেছে এবং প্রকল্পের অনশোর আন্তঃসংযোগ ফ্যাসিলিটির নির্মাণকাজে নেতৃত্ব দিয়েছে। লং

আইল্যান্ডের ইলেকনর হকআইয়ের (Elecnor Hawkeye) সমর্থন নিয়ে LS কেবল (LS Cable) অনশোর কেবল স্থাপন করেছে এবং যুক্ত করেছে।শুধু অনশোর কেবলের জন্য কাজের ব্যাপ্তি লং আইল্যান্ডের দক্ষ ট্রেডস কর্মীর জন্য 100টির বেশি ইউনিয়ন চাকরি তৈরি করেছে।এছাড়াও লং আইল্যান্ডের রোমান স্টোন (Roman Stone) কংক্রিট ম্যাট্রেস প্রস্তুত করেছে যা সাগরের নিচের কেবলকে সুরক্ষা পর্দা করবে, এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে অবস্থিত লিজাংস্টর্ম, রিগস ডিস্টিলার অ্যান্ড কোম্পানি ইনকর্পোরেটেডের (Riggs Distler & Company, Inc.) সাথে অংশীদারিত্বে বিশেষায়িত কাঠামোগত স্টিলের কাজ করেছে।

স্টেটের সিনেটর অ্যান্থনি পালাম্বো বলেন, "নিউ ইয়র্কের নবায়নযোগ্য শক্তি লক্ষ্য অর্জনের জন্য এবং লং আইল্যান্ডের অধিবাসীদের কম খরচে, নির্ভরযোগ্য পরিচ্ছন্ন শক্তি প্রদান করার জন্য আজকে একটি গুরুত্বপূর্ণ ধাপ গ্রহণ করা হয়েছে।নবায়নযোগ্য শক্তি হলো আমাদের শক্তি ভবিষ্যতের একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান, এবং চাকরির সুযোগ থেকে শুরু করে সাশ্রয়ী শক্তি, একটি পরিচ্ছন্নতর পরিবেশ পর্যন্ত এই স্থানান্তরের সকল দিক থেকে যাতে নিউ ইয়র্কবাসীরা লাভবান হওয়া অব্যাহত রাখে তা স্টেটকে নিশ্চিত করতে হবে।"

অ্যাসেম্বলি সদস্য ফ্রেড ডব্লিউ. থিয়েল জুনিয়র বলেন, "জলবায়ু পরিবর্তন যে বাস্তব সে ব্যাপারে আরো কোনো সন্দেহ নেই। প্রতিদিন আমরা ইস্টার্ন লং আইল্যান্ড এবং সারা বিশ্বে এর বিরূপ প্রভাব দেখছি। নিউ ইয়র্ক স্টেট জলবায়ু পরিবর্তনের বিরোধী নীতি উদ্ভাবনের কেটে শীর্ষে রয়েছে। আমার কোস্পন্সর করা নিউ ইয়র্ক স্টেট জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনটি জীবাশ্ম জ্বালানিকে বায়ু শক্তির মতো নবায়নযোগ্য শক্তি দ্বারা প্রতিস্থাপিত করে 2050 সালের মধ্যে উল্লেখযোগ্য পরিমাণ কার্বন নিঃসরণ হ্রাস করার আগ্রাসী লক্ষ্য স্থাপন করেছে। এই প্রকল্পটি আমাদের জলবায়ু লক্ষ্য অর্জনের দিকে একটি গুরুত্বপূর্ণ প্রথম ধাপ।"

সাফোক কাউন্টি নির্বাহী স্টিভ বেলোন বলেন, "পরিচ্ছন্ন ও নবায়নযোগ্য শক্তিতে জাতীয় নেতা হতে পেরে সাফোক কাউন্টি গর্বিত। গভর্নর হোকল, আঞ্চলিক কর্মকর্তা ও সম্প্রদায়ের স্টেকহোল্ডারগণের সহযোগিতা এবং নেতৃত্বের মাধ্যমে, অফশোর বায়ু শিল্পখাতে আমরা সম্মুখসারিতেই আছি, যা আমাদের অঞ্চলের দীর্ঘমেয়াদি টেকসই অবস্থা ও অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিত করতে সাহায্য করবে।"

ইস্ট হ্যাম্পটন টাউনের সুপারভাইজর পিটার ভ্যান স্কোয়েক বলেন, "সাউথ ফর্ক উইন্ড টার্বাইন থেকে পরিচ্ছন্ন, নবায়নযোগ্য বায়ু শক্তি উৎপাদনের সূচনা, এবং ইস্ট হ্যাম্পটনে আমাদের স্থানীয় বিদ্যুৎ গ্রিড ব্যবস্থায় এর সরবরাহ হলো একটি দারুণ মাইলফলক যা ইস্ট হ্যাম্পটন টাউন এবং সেই সাথে নিউ ইয়র্ক স্টেটের সার্বিক নবায়নযোগ্য শক্তি লক্ষ্যকে অগ্রসর করে। এই লক্ষ্য অর্জন করতে ওরস্টেড ও এভারসোর্সের সাথে কাজ করতে পেরে ইস্ট হ্যাম্পটন টাউন আনন্দিত।"

নিউ ইয়র্ক কনজারভেশন ভোটার্স লীগের (New York League of Conservation Voters) প্রেসিডেন্ট জুলি টিঘে বলেন, "জীবাশ্ম জ্বালানি থেকে পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যতে স্থানান্তরের জন্য আজকে একটি মুখ্য ধাপ গৃহীত হয়েছে। বহু বছরের পরিকল্পনা এবং বহু ইউনিয়ন ঘণ্টাসহ অগণিত ঘণ্টার শ্রম ও নির্মাণের পর অফশোর বায়ু থেকে পরিচ্ছন্ন বিদ্যুৎ অবশেষে অনশোরে এসেছে। গভর্নর হোকলের সাহসী পরিবেশ সংক্রান্ত নেতৃত্ব, এবং বৃহৎ

আকারের নবায়নযোগ্য শক্তি প্রকল্প গঠনে আগ্রহী করতে সক্ষম, ওরস্টেড ও এভারসোর্সের মতো বুদ্ধিমান ও উদ্ভাবনী কোম্পানিকে সাথে নিয়ে এটি যে শুধু সূচনামাত্র, তা আমরা জানি।"

নিউ ইয়র্ক স্টেট AFL-CIO (New York State AFL-CIO) প্রেসিডেন্ট মারিও সিলেন্টো বলেন, "এই মাইলফলক অর্জন করার জন্য আমরা গভর্নর হোকলের প্রশংসা করছি। এটি হলো নিউ ইয়র্ক যাতে তার পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অর্জন করতে পারে তা নিশ্চিত করার জন্য তার প্রতিশ্রুতির প্রমাণস্বরূপ। আমাদের নবায়নযোগ্য শক্তি ভবিষ্যৎ যাতে ভালো বেতন উপার্জন করা, এবং ইউনিয়ন চুক্তি দ্বারা নিশ্চিত করা ভাতা ও সুরক্ষা উপভোগ করা কর্মীদের দ্বারা নির্মিত, পরিচালিত, রক্ষণাবেক্ষণকৃত, মেরামতকৃত এবং প্রস্তুত হয় তা নিশ্চিত করতে গভর্নরের সাথে কাজ করতে আমরা উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেট বিল্ডিং ট্রেডসের (Building Trades) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "নিউ ইয়র্কের নবায়নযোগ্য শক্তি লক্ষ্য অর্জনের জন্য এবং মধ্যবিত্ত ক্যারিয়ারকে বলীয়ান করবে, অর্থনৈতিক প্রবৃদ্ধির সূচনা করবে এবং ভবিষ্যৎ প্রজন্মের সমৃদ্ধির জন্য একটি সবুজতর পরিবেশ প্রদান করবে এমন একটি পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যতের জন্য আজকে একটি উল্লেখজনক মাইলফলক অর্জিত হয়েছে। সাউথ ফর্কের মাধ্যমে লং আইল্যান্ডে প্রথম পরিচ্ছন্ন শক্তি সরবরাহ করা হলো অফশোর বায়ু যা প্রদান করতে পারে তার সূচনামাত্র, এবং অতি গুরুত্বপূর্ণ এই প্রকল্পের প্রথম কার্যকর টার্বাইন দক্ষভাবে ও কার্যকরভাবে অ্যাসেম্বল করে আমাদের ট্রেডসমেন ও ট্রেডসউইমেন যেই ভূমিকা পালন করেছে তা নিয়ে আমরা গর্বিত। আগামী মাসগুলিতে 12টি টার্বাইনের প্রত্যেকটিকে বায়ু শক্তি উৎপাদনের পর্যায়ে নিতে এবং একই সাথে তাদের পরিবারের ভরণপোষণ সম্ভব করে ও তাদের সম্প্রদায়ে অর্থনৈতিক উদ্দীপক চালনা করে এমন একটি ইউনিয়ন ক্যারিয়ার গঠন করার জন্য তারা উন্মুখ।"

লং আইল্যান্ড লেবার ফেডারেশনের (Long Island Federation of Labor) প্রেসিডেন্ট জন আর. ডুর্সো বলেন, "এই প্রকল্পটি ইউনিয়ন শ্রম দ্বারা নির্মিত হচ্ছে। আমরা আশা করছি যে এটি ইউনিয়ন শ্রম দ্বারা পরিচালিত হবে। এই ঘোষণা, এবং সাউথ ফর্ক উইন্ডের চূড়ান্ত কাজ শেষ হওয়া হবে ইতিবাচক প্রমাণ যে আমরা জলবায়ু সঙ্কটের সমাধান করতে পারবো এবং সেই প্রক্রিয়ায় ভালো ইউনিয়ন চাকরি তৈরি করতে পারবো। নিউ ইয়র্ক স্টেট, অফশোর বায়ু শিল্পখাত, এবং ভালো, পরিবার টিকিয়ে রাখার বেতন দ্বারা উজ্জ্বল ভবিষ্যতে আগ্রহী অন্য সকল স্টেকহোল্ডারদের সাথে কাজ করার জন্য আমরা উন্মুখ।"

লং আইল্যান্ড অ্যাসোসিয়েশনের (Long Island Association) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ম্যাট কোহেন বলেন, "লং আইল্যান্ড ইতিহাস রচনা করেছে এবং এটি এখন আনুষ্ঠানিকভাবে দেশের অফশোর বায়ুর রাজধানী, এবং সফল সরকারি বেসরকারি অংশীদারিত্ব এবং গ্রিডে পরিচ্ছন্ন শক্তি সরবরাহ করার পাশাপাশি হাজার হাজার চাকরি তৈরি এবং ক্ষুদ্র ব্যবসার জন্য সুযোগ নিয়ে আসতে পারার কারণে আমি গভর্নর হোকল, ওরস্টেড ও এভারসোর্স দল, এবং লং আইল্যান্ড বিদ্যুৎ কর্তৃপক্ষকে অভিনন্দন জানাচ্ছি।"

নাসাউ ও সাফোক কাউন্টির ভবন ও নির্মাণ বাণিজ্য পরিষদের (Building and Construction Trades Council) প্রেসিডেন্ট ম্যাথু আরাচিচ বলেন, "অফশোর বায়ুকে বাজারজাত করার জন্য গভর্নর হোকলের নিরলস উদ্যমের জন্য আমি তার প্রশংসা করছি।

গভর্নর হোকলের সংকল্প এবং ভিশন দক্ষ শ্রমিকের সাথে নিউ ইয়র্ক স্টেটের সহযোগিতামূলক কাজ বৃদ্ধি করা অব্যাহত রেখেছে, ইস্টার্ন সিবোর্ড সংলগ্নে ফেডারেল জলসীমানায় প্রথম ইউটিলিটি মাত্রার অফশোর বায়ু ফার্ম গঠন করেছে। জলবায়ু পরিবর্তনকারী প্রকল্পটি একটি নতুন অর্থনৈতিক সুযোগের প্রতিনিধি যা লং আইল্যান্ডেই চাকরি পাওয়ার সক্ষমতা প্রদান করে এমন ভালো বেতনের, স্থিতিশীল ক্যারিয়ার সন্ধানী পরবর্তী প্রজন্মের স্থানীয় কর্মীদের বিকল্প সুযোগ প্রদান করে। বাজারের এই চাহিদার ফলে, অপর্চুনিটিজ লং আইল্যান্ডের মতো শিক্ষানবিশ এবং প্রাক-শিক্ষানবিস কর্মসূচির মাধ্যমে সরাসরি ভবন ও নির্মাণ বাণিজ্যে পথ তৈরি করে দিতে অফশোর বায়ু শিল্পখাত শ্রমিকদের সাথে অংশীদারিত্ব করেছে। দেশের অন্যান্য বহু সম্প্রদায়ে ছোট হতে থাকা কর্মীবাহিনী থেকে ভিন্ন আমাদের স্থানীয় ভবন বাণিজ্য পরিষদ উল্লেখযোগ্যভাবে বিকশিত হয়েছে এবং অফশোর বায়ু শিল্পখাতের জন্য ওরস্টেড/এভারসোর্সের শ্রমিক চাহিদা এর বড় একটি অংশ।"

নিউ ইয়র্ক অফশোর বায়ু জোটের (New York Offshore Wind Alliance) পরিচালক ফ্রেড জ্যাকম্যান বলেন, "সাউথ ফর্ক উইন্ড ফার্মের টার্বাইনসমূহের শোভাময় ঘূর্ণন দেখতে পাওয়া দারুণ ব্যাপার এবং এটি এর প্রথম বিদ্যুৎ তৈরি করছে, অফশোর বায়ুশক্তির অফুরন্ত সরবরাহের প্রতিশ্রুতি প্রদানকারী প্রথম বিদ্যুৎ নিউ ইয়র্ক গ্রিডে সরবরাহ করছে। কিন্তু হোকল প্রশাসন এবং সরকারের সকল পর্যায়ের অগণিত নেতৃবৃন্দের ভিশন, ইস্ট এন্ডে একটি পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যতে স্থানান্তরের উপায় এই প্রকল্পে অসামান্য সম্প্রদায়ের সমর্থন, এবং মহামারী থেকে শুরু করে বৈশ্বিক সরবরাহ চেইন কাঠিন্য পর্যন্ত প্রকল্পের জন্য বাঁধা সৃষ্টি করা যেকোনো এবং সকল প্রতিবন্ধকতার মোকাবেলা করার জন্য প্রকল্পের নির্মাতা ওরস্টেড ও এভারসোর্সের অধ্যবসায় ছাড়া আপাতদৃষ্টিতে অনায়াসে হচ্ছে মনে হওয়া সমুদ্রের বাতাসকে কার্বনমুক্ত বিদ্যুতে রূপান্তর করা সম্ভব হতো না। সাউথ ফর্ক আজকে নিউ ইয়র্কের সিগনেচার অবকাঠামো প্রকল্পসমূহের সাথে যোগদান করলো, এবং এই প্রকল্পগুলি নিয়ে আমরা আগামী প্রজন্মকে লাভবান করতে তৈরি আছি।"

উইন উইথ উইন্ডের (Win With Wind) প্রতিষ্ঠাতা জুডিথ হোপ বলেন, "ইস্ট হ্যাম্পটনের নাগরিকদের নিয়ে গঠিত আমাদের দল এই ঐতিহাসিক প্রয়াসের অংশ হতে পেরে রোমাঞ্চিত।আমরা বিশ্বাস করি যে নিউ ইয়র্ক স্টেটে অফশোর বায়ুর ভবিষ্যৎ সাফল্যের জন্য সক্রিয় স্থানীয় সমর্থন অত্যাবশ্যকীয়।"

সিটিজেনস ক্যাম্পেইন ফর দ্য এনভায়রনমেন্টের (Citizens Campaign for the Environment, CCE) নির্বাহী পরিচালক এড্রিয়ান এস্পোজিটো বলেন, "এটি সত্যিই রোমাঞ্চকর এবং ঐতিহাসিক। টার্বাইনগুলির ঘূর্ণনের সাথে সাথে আমরা শক্তি উৎপাদনের ইতিহাসের একটি পৃষ্ঠাও উল্টাতে পেরেছি। বায়ু টার্বাইন হলো একটি পরিচ্ছন্নতর, নিরাপদতর শক্তি সরবরাহের আসার আলো যা সকল নিউ ইয়র্কবাসীর জন্য লাভজনক হবে। CCE 18 বছর ধরে অফশোর বায়ুকে সমর্থন করেছে এবং অবশেষে এখন এটিকে বাস্তবায়িত হতে দেখা একটি স্বপ্নকে সত্যি করেছে। আরো উত্তম ভবিষ্যতের জন্য এই ল্যান্ডমার্ক স্থানান্তরের পক্ষে কাজ করার জন্য গভর্নর হোকল এবং NYSERDA দলকে অনেক ধন্যবাদ।"

বেটার লং আইল্যান্ড অ্যাসোসিয়েশনের (Association for a Better Long Island) নির্বাহী পরিচালক কাইল স্ট্রোবার বলেন, "সাউথফর্ক উইন্ড ফার্মের শক্তি উৎপাদন শুরু করা

শুধু লং আইল্যান্ডের জন্য নয়, বরং পুরো দেশের জন্য একটি ঐতিহাসিক মুহূর্ত। প্রবর্তক এই প্রকল্পটি আমাদেরকে নবায়নযোগ্য শক্তি ভবিষ্যতের আরো কাছে নিয়ে যায় এবং স্টেট, ওরস্টেড, এভারসোর্স, এবং স্থানীয় সম্প্রদায় ও ব্যবসা নেতৃবৃন্দের মধ্যকার সহযোগিতামূলক কাজের মাধ্যমে এটি সম্ভব হয়েছে। গভর্নর হোকল, LIPA বোর্ড, এবং জড়িত সকল পক্ষকে অভিনন্দন। আরো টেকসই এবং স্থিতিশীল শক্তির ভবিষ্যতে এর উল্লেখজনক প্রভাব উপলব্ধি করে এই উদ্যোগকে সমর্থন করতে পেরে বেটার লং আইল্যান্ড অ্যাসোসিয়েশন গর্বিত।"

রিনিউয়েবল লং আইল্যান্ডের (Renewable Long Island) নির্বাহী পরিচালক গর্ডিয়ান রাকে বলেন, "সাউথ ফর্ক উইন্ড প্রকল্পের কাজ শেষ করার জন্য রিনিউয়েবল এনার্জি লং আইল্যান্ড বহু বছর ধরে LIPA, ওরস্টেড, ইস্ট হ্যাম্পটন, এবং অন্যান্য বহু স্টেকহোল্ডারের সাথে কাজ করছে।স্টেটের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনে প্রতিষ্ঠিত আগ্রাসী লক্ষ্য ও সময়সূচি অর্জন করার জন্য নিউ ইয়র্ক স্টেটের ঠিক এটিই প্রয়োজন।বাসাবাড়িতে এখন পরিচ্ছন্ন, নবায়নযোগ্য শক্তি ব্যবহার করা হচ্ছে তা দারুণ একটি ব্যাপার, যা তাৎক্ষণিকভাবে আমাদের কার্বন নিঃসরণ হ্রাস করছে।"

আজকের ঘোষণাটি এই মাসের শুরুর দিকে মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাসে নবায়নযোগ্য শক্তিতে সর্বোচ্চ স্টেট বিনিয়োগের কথা প্রকাশ করে গভর্নরের প্রদত্ত ঘোষণা কর্তৃক প্রতিষ্ঠিত গতিবেগের অনুবর্তী। শর্তসাপেক্ষে প্রদত্ত এই অর্থের মধ্যে রয়েছে মোট 6.4 গিগাওয়াট পরিচ্ছন্ন শক্তির তিনটি অফশোর বায়ু এবং 22টি ভূমিভিত্তিক নবায়নযোগ্য শক্তি প্রকল্প, যা সম্পূর্ণ হলে 2.6 মিলিয়ন নিউ ইয়র্ক বাসায় বিদ্যুৎ প্রদান এবং নিউ ইয়র্কের সালের বিদ্যুৎ চাহিদার 12 শতাংশ প্রদান করার জন্য যথেষ্ট হবে। দুইটি মার্কিন অফশোর বায়ু ব্লেড এবং ন্যাসেল প্রস্তুতকারক ফ্যাসিলিটির সাথে মিলিত হয়ে নতুন ঘোষিত প্রকল্পের এই পোর্টফলিওটি আনুমানিক 8,300 পরিবার টিকিয়ে রাখার চাকরি তৈরি করবে এবং স্টেটব্যাপী 20 বিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক বিকাশ বিনিয়োগের সূচনা করবে বলে আশা করা যাচ্ছে, যার মধ্যে রয়েছে সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে নির্মাতার প্রতিশ্রুত বিনিয়োগ।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশ-নেতৃস্থানীয় জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার কর্মসংস্থা তৈরি করে, সকল সেক্টরে একটি গ্রিন ইকোনমি গড়ে তোলাকে অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে 40 শতাংশের লক্ষ্য রেখে কমপক্ষে 35 শতাংশের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধাগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটির দিকে পরিচালিত হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো পরিচ্ছন্ন শক্তিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 145টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 55 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার, এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রিন ব্যাংক প্রতিশ্রুতি। এগুলো ও অন্যান্য

বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টির বেশি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভের মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন